হরিণাকুণ্ডু পৌরসভায় ভিজিএফের চাল বিতরণ

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর দেওয়া ১০কেজি করে ভিজিএফ’র চাল ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভায় ৩হাজার ৮১টি দুস্থ ও অসহায় পরিবারের মাঝে বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৩ জুন) দিনব্যাপী এ চাল বিতরণ করা হয়।

সেসময় হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন, ট্যাগ অফিসার পিআইও অফিসের সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান, পৌরসভার সচিব, কাউন্সিলর, মহিলা কাউন্সিলরসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দিনভর এই কর্মসূচীতে পৌরসভার ৯টি ওয়ার্ডের ৩ হাজার ৮১ টি পরিবারের মাঝে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়।

বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চ্যাম্পিয়ন স্কুলকে সংর্বধনা দিলেন, হরিণাকুণ্ডু পৌরসভা

বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্টের জেলা চ্যাম্পিয়ন হওয়ায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার শুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খেলোয়াড়দের রাজসিক সংর্বধনা দিলেন হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন।

বুধবার (২৭সেপ্টেম্বর) সকালে বিদ্যালয় মাঠে সংর্বধনার আয়োজন করা হয়। আনুষ্ঠানে বিজয়ী খেলোয়াড়, কোচ ও প্রধান শিক্ষকের হাতে ফুলের তোড়া ও মিষ্টি দিয়ে বরণ করে নেন পৌরসভার মেয়র ফারুক

হোসেন।

এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইউসুফ আলী, দলের কোঁচ সহকারী শিক্ষক আব্দুস সামাদ আজাদ দিপু, সহকারী শিক্ষক নাজিম উদ্দীনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। এছাড়াও পৌরসভার প্যানেল মেয়র সিদ্দিকুর রহমানসহ অন্যান্য কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ গত ২৩ সেপ্টেম্বর ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে ফাইনাল খেলায় কালীগঞ্জ উপজেলার মথনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে ৩-০ গোলে হারিয়ে জেলার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।